
# আওয়ামী লীগ সভা-সমাবেশ করলে কঠোর ব্যবস্থা: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সভা-সমাবেশ করার কোনো সুযোগ নেই। দলটি এমন কর্মসূচি পালন করলে আইনশৃঙ্খলা বাহিনী কঠোর ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ।

শনিবার (১২ সেপ্টেম্বর) রাতে বিএনপির নতুন স্থায়ী কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেখছে। আওয়ামী লীগের কর্মসূচিতে অংশ নেওয়া ব্যক্তিদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনী ইতোমধ্যে ব্যবস্থা নিচ্ছে এবং কয়েকজনকে আটকও করা হয়েছে।

এদিকে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ছেড়ে দেওয়া আসনের উপনির্বাচন নিয়েও বৈঠকে আলোচনা হয়েছে বলে জানান তিনি। আগামী ১৮ সেপ্টেম্বর বিএনপির মনোনয়ন বোর্ড প্রার্থীদের যাচাই-বাছাই করে এ বিষয়ে সিদ্ধান্ত নেবে।

সারাদেশে বিএনপির সাংগঠনিক শূন্য পদগুলো জ্যেষ্ঠতার ভিত্তিতে পূরণের সিদ্ধান্তও বৈঠকে নেওয়া হয়েছে বলে জানান দলের ভারপ্রাপ্ত মহাসচিব।

LENS ASIA